# এস এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## হিসাববিজ্ঞান

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক-বিভাগ

**১.** ▶ মুক্তামনি একজন ব্যবসায়ী। তার হিসাবরক্ষক নিম্নোক্ত রেওয়ামিলটি প্রস্তুত করেছেন:

**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০১৬**

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | ১,৫০,০০০ | ২,৮০,০০০ |
| বিমা সেলামি (১০ মাস) | ১০,০০০ | |
| ঋণ (২০১৯ তে প্রদেয়) | | ৫০,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ২০,০০০ | ১৮,০০০ |
| অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি | ১,০০০ | ২,০০০ |
| আন্তঃপরিবহন | ১,৫০০ | |
| উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ২,০০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২২,০০০ | |
| হাতে নগদ | ১৬,০০০ | |
| দালানকোঠা | ৩,১৯,৫০০ | |
| | ৫,৫০,০০০ | ৫,৫০,০০০ |

**সমন্বয়:** ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৫৫,০০০ টাকা। ২. ১,৫০০ টাকার দেনাদার দেউলিয়া হয়ে গেল। ৩. ক্যাশবাক্স থেকে ১,০০০ টাকার দুইটি নোট হারিয়ে গেল। ৪. ঋণের ওপর ৯% হারে সুদ ধরতে হবে।

ক. উদ্দীপকের আলোকে মুক্তামনির তারল্য অনুপাত নির্ণয় করো। ২

খ. মুক্তামনির ব্যবসায়ের মোট মুনাফা বা মোট ক্ষতি নির্ণয় করো। ৪

গ. মুক্তমনির ব্যবসায়ের নিট মুনাফা বা নিট ক্ষতি নির্ণয় করো। ৪

Teachingbd24.com

২.▶ 

## নাবিলা এন্টারপ্রাইজ
## রেওয়ামিল
## ৩১ ডিসেম্বর, ২০১৬

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| বিজ্ঞাপন | ৭,০০০ | |
| ১০% বিনিয়োগ | ১,৮২,০০০ | |
| কমিশন | ১,০০০ | ২,০০০ |
| বাট্টা | ২,০০০ | ৩,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ২,২০,০০০ | ২,৯০,০০০ |
| বেতন (১৪ মাস) | ৪২,০০০ | |
| সুনাম | ২০,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৩০,০০০ | ২২,০০০ |
| উত্তোলন ও মূলধন | ৫,০০০ | ১,৫০,০০০ |
| শিক্ষানবিশ ভাতা ও শিক্ষানবিশ সেলামি | ১৫,০০০ | ১৫,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ১০,০০০ |
| বিনিয়োগের সুদ | | ৭,০০০ |
| | ৫,৪৯,০০০ | ৫,৪৯,০০০ |

**সমন্বয়:** ১. সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ৫০,০০০ টাকা যার ক্রয়মূল্য ছিল ৫০,০০০ টাকা। ২. উত্তোলনের ওপর ৫% হারে ৬ মাসের সুদ ধরতে হবে। ৩. অলিখিত বিক্রয় ৫,০০০ টাকা। ৪. বিজ্ঞাপনের ৪০% বিলম্বিত করতে হবে। ৫. সুনামের $^{১}/_{১০}$ অংশ অবলোপন করতে হবে।

ক. নাবিলা এন্টারপ্রাইজের চলতি অনুপাত নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা ১,০০,০০০ হলে নিট মুনাফা বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. নাবিলা এন্টারপ্রাইজ-এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## খ-বিভাগ

৩.▶ লতা একজন ব্যবসায়ী। ২০১৭ সালের মার্চ মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়:

মার্চ ১ ১,২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
" ৫ পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।

https://teachingbd24.com

" ৮ ১০% বাট্টায় পণ্য বিক্রয় ২২,০০০ টাকা।

" ১০ মূলধন স্বল্পতার কারণে মালিক ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়নের সিদ্ধান্ত নিলেন।

" ১৭ ৫,০০০ টাকা জমা দিয়ে একটি ব্যাংক হিসাব খোলা হলো।

" ২৮ মালিকের ব্যক্তিগত অর্থে কর্মচারীদের বেতন প্রদান ১৫,০০০ টাকা।

" ৩০ মাসিক ৫,০০০ টাকা বেতন প্রদানের শর্তে একজন বিক্রয়কর্মী নিয়োগ দেয়া হলো।

ক. লেনদেন নয় এমন ঘটনার পরিমাণ নির্ণয় করো। ২

খ. লেনদেনগুলোর কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

গ. মাস শেষে লতার ব্যবসায়ের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪

**৪.** ▶ কাজল তার ব্যবসায়ের লেনদেনগুলো বিস্তারিতভাবে সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০১৬ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ছিল ২,৮০,০০০ টাকা এবং পাওনাদারের পরিমাণ ছিল ৯০,০০০ টাকা। উক্ত বছরের জুন মাসে তিনি ব্যবসায়কে অতিরিক্ত মূলধন স্বরূপ ৫০,০০০ টাকা প্রদান করেন। তাছাড়া তিনি ব্যবসায় থেকে প্রতি মাসে ২,০০০ টাকা করে মোট ২৪,০০০ টাকা উক্ত বছরে নগদ উত্তোলন করেন। ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে তার ব্যবসায়ের নিম্নোক্ত সম্পদ ও দায় ছিল:

নগদ ৪০,০০০ টাকা, দেনাদার ৩০,০০০ টাকা, পাওনাদার ২০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা, বিনিয়োগ ৫০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৪০,০০০ টাকা।

ক. কাজল-এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. কাজল-এর সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. বছর শেষে কাজলের ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**৫.** ▶ সায়েমের ব্যবাসায়ের ২০১৬ সালের কিছু লেনদেন নিম্নরূপ:

শেয়ারে বিনিয়োগের লভ্যাংশ ১০,০০০ টাকা

আসবাবপত্রের ব্যবহারজনিত ক্ষতি ১,০০০ টাকা

যন্ত্রপাতির দৈনন্দিন মেরামত খরচ ৩,০০০ টাকা

জমি ক্রয় ১,০০,০০০ টাকা

বিদ্যুৎ সংযোগ ব্যয় ৬,০০০ টাকা

পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা

বিজ্ঞাপন খরচ ৪,০০০ টাকা

ছাপা ও মনিহারি ৫০০ টাকা

https://teachingbd24.com

নতুন পণ্যের গবেষণা ব্যয় ১৫,০০০ টাকা
দালানকোঠার ভাড়া প্রাপ্তি ৬০,০০০ টাকা
বিমা সেলামি প্রদান ৫,০০০ টাকা
বিদ্যুৎ বিল প্রদান ১২,০০০ টাকা
ব্যবসায়ের সাজসজ্জার পরিবর্তন ব্যয় ৫,০০০ টাকা।

ক. সায়েমের ব্যবসায়ের বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. তার ব্যবসায়ের মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. সায়েমের ব্যবসায়ের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৬. ▶ জনাব অপি একজন ব্যবসায়ী। ২০১৭ সালের জুন মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ:

জুন ৫ ১০% বাট্টায় সুবর্ণা ট্রেডার্সের নিকট ৫০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং-১০৫।
" ৮ সিলেট-এর সাথী স্টোর-এর নিকট ২০,০০০ টাকার পণ্য বিক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-১০৮।
" ১০ আজাদ স্টোরের নিকট থেকে ১০% বাট্টায় পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। চালান নং-১০২।
" ১৮ বেতন বকেয়া রইল ৫,০০০ টাকা।
" ২৩ ব্যাংক জমার সুদ প্রাপ্তি ১,৫০০ টাকা।
" ২৯ পণ্য উত্তোলন ৫০০ টাকা।

ক. কারবারি বাট্টার মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব অপি'র একটি বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
গ. ১০ থেকে ২৯ তারিখের লেনদেনগুলোর সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

৭. ▶ নাতাশা'র ব্যবসায়ের ২০১৬ সালের মার্চ মাসের লেনদেন নিম্নরূপ:

মার্চ ৫ ৫,০০০ টাকা জমা দিয়ে একটি ব্যাংক হিসাব খোলা হলো।
" ৮ পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা যার ৫০% নগদে এবং ৫০% চেকে।
" ১৫ ধারে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ২২ দেনাদারের কাছ থেকে চেক প্রাপ্তি ১০,০০০ টাকা।
" ২৮ ঋণ গ্রহণ করা হলো ৫০,০০০ টাকা।

ক. ৮ ও ২২ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা প্রদান করো। ২
খ. 'T' ছকে ব্যাংক হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত করো। ৪
গ. চলমান জের ছকে নগদান হিসাব ও দেনাদার হিসাব প্রস্তুত করো। ৪

Teachingbd24.com

৮.▶ অর্ক ট্রেডার্সের ২০১৬ সালের মে মাসের লেনদেনগুলো নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| মে | ২ | নগদ উদ্বৃত্ত ৭০,০০০ টাকা এবং ব্যাংক উদ্বৃত্ত ৫০,০০০ টাকা। |
| " | ৫ | মিজান স্টোর থেকে চেক প্রাপ্তি ৯,৫০০ টাকা এবং বাট্টা প্রদান ৫০০ টাকা। |
| " | ৭ | ব্যাংকে জমা দেওয়া হলো ৮,০০০ টাকা। |
| " | ১০ | ৫% বাট্টায় নগদে পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা। |
| " | ১৮ | সজীবের নিকট ২০,০০০ টাকা দেনার পূর্ণনিষ্পত্তিতে ১৯,০০০ টাকার চেক প্রদান। |
| " | ২৩ | ব্যাংক থেকে উত্তোলন করা হলো ৫,০০০ টাকা। |
| " | ২৮ | বিনিয়োগের সুদ পাওয়া গেল ১,০০০ টাকা। |

ক. উদ্দীপকের আলোকে নগদ বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. অর্ক ট্রেডার্সের একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উদ্দীপকের আলোকে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত করো। ৪

৯.▶ শুভ এন্ড ব্রাদার্স-এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ:

ক্রয় ১,২০,০০০ টাকা
বিক্রয় ২,০০,০০০ টাকা
গৃহীত ঋণ ৫০,০০০ টাকা
বরাদ্দকৃত বাট্টা ১,০০০ টাকা
বহিঃফেরত ৫,০০০ টাকা
প্রাপ্য বিল ১০,০০০ টাকা
কর ও অভিকর ৩,০০০ টাকা
ব্যাংক চার্জ ১,০০০ টাকা
কমিশন প্রাপ্তি ১,৫০০ টাকা
দেনাদার ২৫,০০০ টাকা
পাওনাদার ১৮,০০০ টাকা
মজুদ পণ্য (১.১.১৬) ২০,০০০ টাকা
প্রদত্ত ভাড়া ৮,০০০ টাকা
কুঋণ ৩,০০০ টাকা
শিক্ষানবিশ সেলামি ৫,০০০ টাকা
প্রদেয় বিল ১২,০০০ টাকা
মূলধন ১,৮০,০০০ টাকা

ক. মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত উদ্দীপকের আলোকে একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত উদ্বৃত্ত হতে মোট চলতি সম্পদ ও মোট চলতি দায় নির্ণয় করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

১০.▶ ঝলক প্রিন্টার্স ৫,৫০০টি ডায়েরি প্রস্তুতের একটি কাজ পায়। উক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হয়:

কাগজ ক্রয় ৭০,০০০ টাকা
ছাপার কালি ক্রয় ২৫,০০০ টাকা
প্রত্যক্ষ মজুরি ১২,৫০০ টাকা
আঠা ও সুতা ক্রয় ৫,০০০ টাকা
কারখানা ভাড়া ১০,০০০ টাকা
কারখানার বিদ্যুৎ খরচ ১০,০০০ টাকা
অফিস ও প্রশাসনিক খরচ ৩,৫০০ টাকা
আপ্যায়ন খরচ ১,৫০০ টাকা
বিল আদায় খরচ : দরপত্র উদ্বৃত্ত মূল্যের ২%, প্রতিটি ডায়েরির দরপত্র উদ্বৃত্ত মূল্য ৩৫ টাকা।

ক. ঝলক প্রিন্টার্স-এর মুখ্য ব্যয় কত? ২
খ. প্রতিটি ডায়েরির উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪
গ. প্রতিটি ডায়েরির লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

১১.▶ জনাব পলাশ মাসে ৩০,০০০ টাকা বেতনে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। এছাড়াও তিনি একটি কলেজে পার্টটাইম লেকচারার হিসেবে মাসে ৫,০০০ টাকা করে সম্মানী পান। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে তার পরিবারে ছিল নগদ ১,০০,০০০ টাকা, বাড়িঘর ৮,০০,০০০ টাকা, ব্যাংক ঋণ ২,৫০,০০০ টাকা, আসবাবপত্র ৮০,০০০ টাকা।

উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ:

খাদ্যসামগ্রী ক্রয় ৬০,০০০ টাকা
দৈনন্দিন বাজার খরচ ৩০,০০০ টাকা
শিক্ষা খরচ ২৫,০০০ টাকা
চিকিৎসা খরচ ১৫,০০০ টাকা
কম্পিউটার ক্রয় ৩৫,০০০ টাকা
ঋণের সুদ প্রদান ১০,০০০ টাকা
ঋণ পরিশোধ ২,০০,০০০ টাকা
ডিপিএস-এ জমা ১,০০,০০০ টাকা

ক. উদ্দীপক হতে জনাব পলাশ-এর পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব পলাশ-এর পরিবারের সমাপনী নগদ তহবিলের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে জনাব পলাশের পরিবারের আয় উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করো। ৪

Teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট　পূর্ণমান — ৩০　　　বিষয় কোড: ১ ৪ ৬

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **ব্যবসায়ের অধিকাংশ ক্রয়-বিক্রয় সংঘটিত হয়—**
ⓚ নগদে　ⓚ বাকিতে
ⓖ চেকে　ⓖ বিলে

২. **ক্যাশবুকের ডেবিট দিকে লেখা হয়—**
ⓚ ডেবিট ভাউচার
ⓚ ডেবিট নোট
ⓖ ক্রেডিট ভাউচার
ⓖ ক্রেডিট নোট

৩. **একটি ব্যবসায়ের চালিকা শক্তি কোনটি?**
ⓚ নগদান হিসাব
ⓚ নগদান বই
ⓖ হিসাব
ⓖ নগদ অর্থ

৪. **আধুনিক হিসাববিজ্ঞানের যাত্রা শুরু হয় কখন?**
ⓚ দ্বাদশ শতাব্দী
ⓚ ত্রয়োদশ শতাব্দী
ⓖ পঞ্চদশ শতাব্দী
ⓖ সপ্তদশ শতাব্দী

৫. **কোনটি বিক্রয় উপরিব্যয়?**
ⓚ টেলিফোন বিল
ⓚ বিজ্ঞাপন
ⓖ ডাক ও তার
ⓖ অফিসের বেতন

৬. **৫% কারবারী বাট্টা বাদে ক্রয়ের পরিমাণ ১,০৪৫ টাকা এক্ষেত্রে বাট্টার পরিমাণ কত?**
ⓚ ৪৯.৭৬ টাকা
ⓚ ৫২.২৫ টাকা
ⓖ ৫৫ টাকা
ⓖ ৯৯ টাকা

৭. **ক্রয় করে প্রদত্ত চেক প্রত্যাখ্যাত হলে প্রভাবিত হয়—**
i. প্রদেয় হিসাব
ii. ক্রয় হিসাব
iii. ব্যাংক হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i　ⓚ ii
ⓖ i ও ii　ⓖ i ও iii

৮. **মূলধন জাতীয় ব্যয়কে মুনাফা জাতীয় ব্যয় হিসেবে লিখা হলে কোন ধরনের ভুল হয়?**
ⓚ পরিপূরক ভুল
ⓚ নীতিগত ভুল
ⓖ বাদ পড়ার ভুল
ⓖ বে-দাখিলা ভুল

৯. **চলতি অনুপাত কত হওয়া ভালো?**
ⓚ ৩ ঃ ১　ⓚ ১ ঃ ২
ⓖ ২ ঃ ১　ⓖ ২ ঃ ২

১০. **হিসাব কত প্রকার?**
ⓚ ২　ⓚ ৩
ⓖ ৪　ⓖ ৫

১১. **C/F এর আভিধানিক অর্থ হলো—**
ⓚ পেছন হতে আনিত
ⓚ স্থানান্তরিত
ⓖ সম্মুখে নীত
ⓖ নিচে নীত

১২. **নিজের কাজের জন্য তৃতীয় পক্ষের নিকট দায়বদ্ধতাই হলো—**
ⓚ দায়িত্ববোধ
ⓚ সততা
ⓖ সচেতনতা
ⓖ জবাবদিহিতা

১৩. **দ্বৈতসত্তা লেনদেনের একটি—**
ⓚ সুবিধা
ⓚ বৈশিষ্ট্য
ⓖ উদ্দেশ্য
ⓖ প্রয়োজনীয়তা

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
প্রারম্ভিক কাঁচামাল ৫০,০০০ টাকা, সমাপনী কাঁচামাল ২৫,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১০,০০০ টাকা, উৎপাদন মজুরি ২,০০০ টাকা, নতুন কাঁচামাল ক্রয় ২৫,০০০ টাকা।

১৪. **ব্যবহৃত কাঁচামালের পরিমাণ কত?**
ⓚ ২৫,০০০ টাকা
ⓚ ৫০,০০০ টাকা
ⓖ ৭৫,০০০ টাকা
ⓖ ১,০০,০০০ টাকা

১৫. **মুখ্য ব্যয়ের পরিমাণ কত?**
ⓚ ৬০,০০০
ⓚ ৬১,০০০
ⓖ ৬২,০০০
ⓖ ১,০২,০০০

Teachingbd24.com

১৬. সুনাম ও ট্রেডমার্ক কোন ধরনের সম্পত্তি?
ক) চলতি
খ) দৃশ্যমান
গ) অদৃশ্যমান
ঘ) স্পর্শনীয়

১৭. দেনাপিপি বা ডেবিট নোট প্রেরণ করেন—
ক) ক্রেতা
খ) বিক্রেতা
গ) উৎপাদক
ঘ) ম্যানেজার

১৮. করণিক ভুলের অপর নাম কী?
ক) বেদাখিলার ভুল
খ) লেখার ভুল
গ) নীতিগত ভুল
ঘ) স্বয়ং সংশোধক ভুল

১৯. দু'তরফা দাখিলা পদ্ধতির উৎপত্তিকাল কোনটি?
ক) ১৮১৮
খ) ১৩৯৪
গ) ১৪৯৪
ঘ) ১৭৫৭

২০. বাট্টা হিসাব কোন শ্রেণিভুক্ত হবে?
ক) সম্পদ
খ) দায়
গ) মালিকানা স্বত্ব
ঘ) ব্যয়

২১. পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে কী বলে?
ক) হিসাব
খ) মনিটরিং
গ) বাজেট
ঘ) নির্দেশনা

২২. কে নিট লাভের অতিরিক্ত দাবি করতে পারে না?
ক) মালিক
খ) দেনাদার
গ) পাওনাদার
ঘ) তৃতীয় পক্ষ

২৩. ক্রয় জাবেদার তৃতীয় ঘরে কী লেখা হয়?
ক) চালান নং খ) খ: পৃ:
গ) শর্ত ঘ) সূত্র

২৪. নগদ প্রাপ্তি ও প্রদান জাবেদায় অন্তর্ভুক্ত হবে না—
i. ব্যাংক জমা
ii. ব্যাংক জমাতিরিক্তের সুদ
iii. ব্যাংক হতে উত্তোলন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. প্রাপ্য কমিশন কোন জাতীয় হিসাব?
ক) সম্পদ খ) আয়
গ) ব্যয় ঘ) দায়

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
বিবিধ দেনাদারের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট্য দেনাদারের উপর ৫% কুঋণ সঞ্চিতি ও ২% বাট্টা সঞ্চিতি তৈরি কর। রেওয়ামিলে দেনাদার ৫৫,০০০ টাকা, কুঋণ ১,০০০ টাকা।

২৬. নতুন কু-ঋণ সঞ্চিতির পরিমাণ কত?
ক) ৭,২৫০
খ) ২,৫০০
গ) ৩,০০০
ঘ) ২,৪৫০

২৭. বাট্টা সঞ্চিতির পরিমাণ কত টাকা?
ক) ১,০০০ খ) ৯০০
গ) ১,০৫০ ঘ) ৯৫০

২৮. মুনাফা জাতীয় আয় নয় কোনটি?
ক) শিক্ষানবিশ সেলামি
খ) কমিশন প্রাপ্তি
গ) আসবাবপত্র বিক্রয়
ঘ) ব্যাংক জমার সুদ

২৯. অফিস সাপ্লাইজ হিসাব বলতে বোঝায়—
ক) প্রিন্টার
খ) ক্যালকুলেটর
গ) ফ্রিজ
ঘ) বৈদ্যুতিক পাখা

৩০. Finished Goods- অর্থ কী?
ক) শেষ পণ্য
খ) বিক্রীত পণ্য
গ) বিক্রয় উপযোগী পণ্য
ঘ) ভালো পণ্য

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ |

https://teachingbd24.com